দৈনিক খবর

137

তারিখ 19 SEP 1991
পৃষ্ঠা ... কলাম ...

9 SEP 1991

৩৪

# নতুন ছাত্র মোর্চা গঠনের উদ্যোগ

।। খবর রিপোর্ট ।।

বেশ ক'টি ছাত্র সংগঠনের সমন্বয়ে গণতান্ত্রিক ছাত্র মোর্চা গড়ে তোলার উদ্যোগ নেয়া হয়েছে। আগামী ২৪শে সেপ্টেম্বর এই মোর্চা আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করবে।

শেষ পৃষ্ঠায় ১ম কলামে

## নতুন ছাত্র মোর্চা

প্রথম পৃষ্ঠার পর

সূত্র জানায়ঃ বেশ দ্রুত গতিতে এই ছাত্র মোর্চা গঠনের কাজ চলছে। ছাত্র সংগঠনগুলোর নেতৃবৃন্দ এ নিয়ে বেশ কয়েক দফা আলাপ-আলোচনা করেছেন। আলোচনায় মতৈক্যে পৌঁছা গেছে বলে ছাত্র নেতৃবৃন্দ জানিয়েছেন।

এই ছাত্র মোর্চার নাম এখনও চূড়ান্ত করা হয়নি। অবশ্য বেশ ক'টি নাম প্রস্তাবে এসেছে। প্রস্তাবিত নামগুলোর মধ্যে রয়েছে প্রগতিশীল ছাত্র ঐক্য, গণতান্ত্রিক ছাত্র ঐক্য, জাতীয় ছাত্র ঐক্য ও গণতান্ত্রিক ছাত্র জোট। এর মধ্যে প্রগতিশীল ছাত্র ঐক্য কিংবা গণতান্ত্রিক ছাত্র ঐক্য- এই দু'টো নামের একটিকে চূড়ান্ত হিসেবে নেয়া হতে পারে। এ মোর্চাভুক্ত ছাত্র সংগঠনগুলোর মধ্যে রয়েছে ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (না-শ), ছাত্র মৈত্রী, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট, ছাত্র সমিতি, ছাত্র ফেডারেশন, গণতান্ত্রিক ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (শা-শা) ও জাতীয় ছাত্র ঐক্য।

সূত্র জানায়ঃ '৯০-এর গণঅভ্যুত্থানের আগে প্রণীত ছাত্র সমাজের ১০ দফার অপ্রয়োজনীয় দাবীগুলোকে বাদ দিয়ে বাকী দাবীগুলো এবং দাবী-দাওয়া ভিত্তিক আশু কর্মসূচী চূড়ান্তকরণের পর এই মোর্চা আগামী ২৪শে সেপ্টেম্বর সাংবাদিক সম্মেলনের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে আত্মপ্রকাশ করবে। এ মোর্চার আদর্শ এবং লক্ষ্য ধরা হয়েছে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন, প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠার সংগ্রাম জোরদার, সাম্প্রদায়িকতা প্রতিরোধ ও মুক্তিযুদ্ধের আদর্শ প্রতিষ্ঠা করা।